

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলানগর,
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং ৮০.০০.০০০০.১১৩.৩৬.৩২.২০১৮- ৩৬৩

তারিখঃ ০৯.১০.২০১৮


বিষয়ঃ ৩৬ বিসিএসএর লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের নম্বরপত্র প্রদান।

৩৬ বিসিএস পরীক্ষা-২০১৫ এর বিজ্ঞাপনের ৩৫নম্বর অনুচ্ছেদ ও শর্তানুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে সংযুক্ত নির্ধারিত আবেদনপত্রে দরখাস্ত আহবান করা হচ্ছে।

২. লিখিত পরীক্ষার নম্বরপত্র পেতে ইচ্ছুক প্রার্থীদেরকে এ বিজ্ঞপ্তিতে প্রদত্ত কমিশনের নির্ধারিত নমুনা আবেদনপত্রের ছক পূরণ করে সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা (১/০৮০১/০০০০/২০৩১ কোড নম্বরে) ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে ট্রেজারি চালানের মূলকপি সহ পূরণকৃত আবেদনপত্র কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে পরিচালক, ইউনিট-১৩, এর দপ্তরে জমা দিতে হবে।

৩. আগামী ১৪.১০.২০১৮ তারিখ হতে ২৪.১০.২০১৮ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে ৯:৩০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত পরিচালক ইউনিট-১৩, সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা এই ঠিকানায় পূরণকৃত আবেদনপত্র জমা নেয়া হবে। উল্লেখ্য উল্লিখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচনা করা হবে না।

৪. এ বিজ্ঞপ্তি এবং নমুনা আবেদনপত্র কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] পাওয়া যাবে।


[আ.ই.ম নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

৩৬ বিসিএসের নম্বরপত্র প্রাপ্তির আবেদনপত্র

বরাবর

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ ৩৬ বিসিএস পরীক্ষা-২০১৫ এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রদান।

৩৬ বি.সি.এস. পরীক্ষা - ২০১৫এর লিখিত পরীক্ষার নম্বরপত্র প্রাপ্তির জন্য নিম্নে আমার তথ্যাদি প্রদান করলাম :

১. আবেদনকারীর নাম :

(ইংরেজি ক্যাপিটাল
লেটার - এ) :

২. রেজিস্ট্রেশন নম্বর :

(ইংরেজিতে) :

৩. জন্ম তারিখ :

(ইংরেজিতে) :

৪. নিজ জেলা :

(ইংরেজিতে) :

৫. ট্রেজারি চালান ইস্যুকারী সোনালী ব্যাংক লিঃ এর শাখার নাম :

ট্রেজারি চালান নম্বর ও তারিখ :

৬. পত্র যোগাযোগের ঠিকানা :

বিনীত

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ